

দায়িত্বে অবহেলার অভিযোগে কর্তব্যরত চিকিৎসক, রোকেয়া হলের প্রভোষ্ট, হাউস টিউটর, ভেটেরিনারি অনুষদের ডিনের পদত্যাগ এবং স্বাস্থ্যকেন্দ্রের মানোন্নয়নসহ ৯ দফা দাবিতে গতকাল বুধবার লংমার্চ করেছেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাক্ৰি) শিক্ষার্থীরা।

সকাল সাড়ে ১১টার দিকে বিভিন্ন অনুষদীয় ছাত্র সমিতির নেতৃত্বে প্রশাসন ভবনের সামনে থেকে লংমার্চটি হয়। এ সময় আন্দোলনকারীরা মাংস্যবিজ্ঞান অনুষদ ও পশু পালন অনুষদের চলমান ক্লাস পরীক্ষা এবং ভেটেরিনারি টিচিং হাসপাতালের চলমান ইন্টার্নশিপ কার্যক্রম বন্ধ করে দেন। পরে তাঁরা লংমার্চ নিয়ে বিশ্ববিদ্যালয়ের হেলথ কেয়ার সেন্টারে বিক্ষেপ সমাবেশ করেন। এ সময় শিক্ষার্থীরা দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেন।

এদিকে শিক্ষার্থীদের দাবির মুখে বিদেশি ছাত্রী মৃত্যুর ঘটনায় উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. জসিমউদ্দিন খানকে প্রধান করে পাঁচ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

উপাচার্য অধ্যাপক ড. লুৎফুল হাসান বলেন, শিক্ষার্থীদের যৌক্তিক দাবিগুলো বাস্তবায়ন করা হবে।